অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

বিচারপতি জোনাথন লিপম্যানের CUNY এর ইহুদিবিরোধী এবং বৈষম্যবিরোধী নীতিমালার পর্যালোচনা সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

ক্যাম্পাসে ইহুদিবিরোধিতা বৃদ্ধির পর গভর্নর হোকল বিচারপতি লিপম্যানকে CUNY এর ইহুদিবিরোধী এবং বৈষম্যবিরোধী নীতিমালার একটি সার্বিক পর্যালোচনা সম্পাদন করতে বলেন

গভর্নর হোকলকে প্রদত্ত পূর্ণাঙ্গ প্রতিবেদনটি এখানে উপলভ্য আছে

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা গভর্নর হিসেবে সবসময় আমার অগ্রাধিকার, এবং এই মুহূর্তে আমাদের কলেজ এবং ইউনিভার্সিটির বহু শিক্ষার্থী নিরাপদ অনুভব করছে না। আমি এটি স্পষ্ট করে বলছি: ইহুদিবিরোধিতার হুমকি বা কোনো ধরণের ঘৃণা আমরা সহ্য করবো না। হয়রানি বা সহিংসতার ভীতি ছাড়া বসবাস, শিক্ষা এবং উপাসনা করার জন্য প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে স্বাধীন হতে হবে।

7 অক্টোবরের ভয়ঙ্কর সন্ত্রাসী হামলার পূর্বেও, ইহুদিবিরোধিতার মোকাবেলা করার জন্য আমেরিকার সর্বপ্রথম স্টেটব্যাপী পরিকল্পনা প্রকাশ করা এবং ঘৃণার ইন্ধনপ্রাপ্ত হামলার ঝুঁকিতে থাকা প্রতিষ্ঠানের জন্য নিরাপত্তা তহবিলের মতো পদক্ষেপ নিয়ে নিউ ইয়র্ক সক্রিয়ভাবে ঘৃণার বিরুদ্ধে লড়াই করছে। ঘৃণা অপরাধের মোকাবেলা করতে আমি জামিনের আইন পরিবর্তন করেছি এবং ফেডারেল তদন্ত ব্যুরোর (Federal Bureau of Investigation, FBI) যৌথ সন্ত্রাসবাদ টাস্ক ফোর্সে (Joint Terrorism Task Force) অতিরিক্ত স্টেট কর্মীকে নিয়োগ করেছি। 7 অক্টোবরের মর্মান্তিক হামলার এক বছর পূর্তি হতে যাচ্ছে, তাই আমরা সকল নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা ও সুস্থতা নিশ্চিত করতে অতিরিক্ত সংস্থান ঘোষণা করবো।

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) ইহুদিবিরোধী এবং বৈষম্যবিরোধী নীতিমালার বিষয়ে একটি সার্বিক প্রতিবেদন তৈরি করতে বিচারপতি জোনাথন লিপম্যানের কাজের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই। গত এক বছরে সারা দেশে ক্যাম্পাসে ঘৃণা বৃদ্ধি পেয়েছে, এবং আমাদের শিক্ষার্থীদের সুরক্ষিত রাখার সেরা উপায়ের একটি অকপট পর্যালোচনা আমাদের প্রয়োজন ছিলো। বিচারপতি লিপম্যানের প্রতিবেদন পর্যালোচনা করার পর আমি CUNY কে তার 13টি সুপারিশ বাস্তবায়ন করার নির্দেশ দিয়েছি, যা ভবিষ্যতের ঘটনা প্রতিরোধ ও সমাধানে উল্লেখযোগ্য প্রভাব ফেলবে বলে আমি বিশ্বাস করি। আমার প্রত্যাশা হলো CUNY এই সুপারিশসমূহের প্রণয়ন করবে এবং বিচারপতির অনুসন্ধান নিয়ে কাজ করার

প্রাথমিক পদক্ষেপ তারা ইতিমধ্যে গ্রহণ করেছে। তাদের ক্যাম্পাসের সম্প্রদায় প্রত্যেক ধর্মবিশ্বাস এবং ব্যাকগ্রাউন্ডের মানুষের জন্য একটি স্বাগত ও নিরাপদ স্থান তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য বিচারপতি লিপম্যানের সুপারিশসমূহকে একটি নির্দেশনা হিসেবে পর্যালোচনা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সকল কলেজ ও ইউনিভার্সিটিকে আমি উৎসাহিত করছি।"

গত অক্টোবরে হামাসের সন্ত্রাসী হামলার পর ঘৃণা ও পক্ষপাতের ঘটনা বৃদ্ধির পরবর্তীতে CUNY এর ইহুদিবিরোধী এবং বৈষম্যবিরোধী নীতিমালার একটি সার্বিক পর্যালোচনা সম্পাদন করার জন্য গভর্নর হোকল বিচারপতি লিপম্যানকে নিযুক্ত করেন। ক্যাম্পাসগুলিতে ইহুদিবিরোধিতা এবং অন্যান্য ধরণের বৈষম্য বা ঘৃণার সমাধান করতে এবং ইহুদি শিক্ষার্থী ও অনুষদকে সুরক্ষিত রাখতে অবিলম্বে বাস্তবায়ন করার জন্য বিচারপতি লিপম্যান CUNY এর জন্য একটি 13 দফার কর্মপরিকল্পনা প্রদান করেন:

- ইহুদিবিরোধিতা এবং অন্যান্য ধরণের ঘৃণার সমাধান এবং একটি অভ্যন্তরীণ ইহুদিবিরোধিতা ও ঘৃণার পর্যবেক্ষণ স্থাপন করার জন্য একটি ইউনিভার্সিটিব্যাপী কেন্দ্র তৈরি করার মাধ্যমে বৈষম্যের সমাধানের সংস্থানকে কেন্দ্রীভূত করা।
- ইহুদিবিরোধিতা এবং বৈষম্যের অভিযোগ দায়ের করা ব্যক্তিদের আরো ভালো সমর্থন প্রদান করার জন্য CUNY এর ইউনিভার্সিটিব্যাপী বৈষম্য ও প্রতিশোধ সম্পর্কে অভিযোগ করার পোর্টালকে ঢেলে সাজানো।
- একটি কেন্দ্রীভূত ভিকটিমের অ্যাডভোকেট কর্মসূচি (Victim's Advocate program) প্রতিষ্ঠা করার মাধ্যমে ইহুদিবিরোধিতা এবং বৈষম্যের শিকার ব্যক্তিদের তদন্ত প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে এবং উপলভ্য সংস্থান সনাক্ত করতে সাহায্য করা।
- সকলকে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য এবং CUNY ক্যাম্পাসে যাতে সকল ব্যক্তি নিরাপদ অনুভব করে তা নিশ্চিত করার জন্য স্ট্যান্ডার্ডাইজড নিরাপত্তা প্রটোকল প্রতিষ্ঠা করতে আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং নিরাপত্তা বিশেষজ্ঞদের সাথে সমন্বয় করা।
- ক্যাম্পাসের প্রধান বৈচিত্র্য কর্মকর্তা এবং ইহুদিবিরোধী ও বৈষম্যবিরোধী অভিযোগের তদন্তের দায়িত্বপ্রাপ্ত অন্যান্যদের নির্দেশনা ও প্রশিক্ষণ প্রদান করা এবং তদন্তের নজরদারির একটি ব্যবস্থা বাস্তবায়ন করা।
- ইহুদিবিরোধিতা কী তা নির্ণয় করতে সাহায্য করার জন্য আন্তর্জাতিক হলোকাস্ট স্মৃতি জোটের (International Holocaust Remembrance Alliance, IHRA) ইহুদিবিরোধিতার সংজ্ঞার নীতিকে একটি নির্দেশনা হিসেবে ব্যবহার করা, যা IHRA সংজ্ঞাকে একটি মূল্যবান সরঞ্জাম হিসেবে সনাক্ত করে গভর্নর হোকলের 2022 সালের ঘোষণাপত্রের সাথে সংগতিপূর্ণ।
- ক্যাম্পাসের নেতৃবৃন্দ এবং প্রধান বৈচিত্র্য কর্মকর্তাসহ CUNY এ সকলে যাতে ইহুদিবিরোধিতা কী সে সম্পর্কে নিজস্ব মতামত নির্বিশেষে ক্যাম্পাসে ইহুদিবিরোধিতার ঘটনা নিয়ে কাজ করার সময় আইনকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে তা নিশ্চিত করা।
- বর্তমান নীতিমালা ও প্রক্রিয়া যাতে ইহুদিবিরোধিতা এবং অন্যান্য ধরণের ঘৃণার আধুনিক ঘটনার সমাধান করতে অভিন্ন এবং স্পষ্ট নির্দেশনা প্রদান করে তা নিশ্চিত করতে সেগুলির সংশোধন করা, যার মধ্যে থাকবে সোশ্যাল মিডিয়ার ব্যবহার; শিক্ষার্থী, অনুষদ এবং কর্মীদের এই নীতিমালায় প্রশিক্ষণ প্রদান; এবং ভবিষ্যতে ধারাবাহিকভাবে এই

নীতিমালার পর্যালোচনা ও সংশোধন যাতে নিশ্চিত করা যায় যে এগুলি সেকেলে না হয়ে যায়।
- নতুন স্পষ্ট প্রটোকল প্রতিষ্ঠার মাধ্যমে CUNY এর নীতিমালা এবং প্রক্রিয়া লঙ্ঘনকারী কাজ রার জন্য সংগতিপূর্ণভাবে শিক্ষার্থী ও অনুষদকে দায়বদ্ধ করা।
- একটি সার্বিক বাকস্বাধীনতা এবং অভিব্যক্তিমূলক আচরণ বিষয়ে সার্বিক নীতিমালার (Comprehensive Policy on Freedom of Speech and Expressive Conduct) খসড়া তৈরি ও তা গ্রহণ করা, যেখানে ফার্স্ট অ্যামেন্ডমেন্টের সাথে সংগতিপূর্ণ ক্যাম্পাসে অভিব্যক্তিমূলক আচরণের সময়, স্থান ও রীতি সম্পর্কে স্পষ্ট নিয়ম থাকবে।
- নেতৃবৃন্দকে উদাহরণ স্থাপন করার মাধ্যমে নেতৃত্ব দিতে এবং ইহুদিবিরোধিতা এবং যেকোনো ধরণের ঘৃণার বিরুদ্ধে সজোরে কথা বলতে উৎসাহিত করা, এমনকি যদি তা প্রত্যক্ষভাবে আইন বা CUNY এর নীতিমালা লঙ্ঘন নাও করে থাকে।
- এমন অনুষদ ও কর্মীদের প্রশিক্ষণ ও নিয়োগের প্রয়াস বৃদ্ধি করা যারা ধারাবাহিকভাবে অন্তর্ভুক্তি, গঠনমূলক আলোচনা এবং সহনশীলতাকে উৎসাহিত ও এর প্রচার করবে।
- বিভিন্ন দৃষ্টিভঙ্গিসম্পন্ন মানুষদের মধ্যে আলোচনার প্রচার করা এবং অতিরিক্ত যৌথ কর্মসূচি তৈরি করা।

বিচারপতি লিপম্যানের পূর্ণাঙ্গ পর্যালোচনা এবং সুপারিশসমূহ এখানে উপলভ্য আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন